

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১২৯.২৩.০০৫.১৯.৫৫৯

তারিখ: ১০ বৈশাখ ১৪৩৩
২৩ এপ্রিল ২০২৬

বিষয়: “জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২৬” উদযাপন উপলক্ষ্যে উদ্বোধনী অনুষ্ঠান সঞ্চালনা করার অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অধীন বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর কর্তৃক আগামী ২৮ এপ্রিল ২০২৬ তারিখ রোজ মঙ্গলবার শাহবাগস্থ শহীদ আবু সাঈদ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে যথাযোগ্য মর্যাদায় ‘জাতীয় আইনগত সহায়তা দিবস’ উদযাপিত হবে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান, এমপি। উক্ত অনুষ্ঠান সঞ্চালনা করার জন্য জনাব সানজিদা সরওয়ার, ল অফিসার (অতিরিক্ত জেলা ও দায়রা জজ), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়-কে মনোনীত করা হয়েছে।

০২। এমতাবস্থায়, আগামী ২৮ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার জনাব সানজিদা সরওয়ার-কে উল্লিখিত অনুষ্ঠানস্থলে উপস্থিত থেকে উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনা করার অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।


(মোঃ সাইফুর রহমান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫৭৪২০
section5@lawjusticediv.govbd

সচিব

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী’র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৪। জনাব সানজিদা সরওয়ার, ল অফিসার (অতিরিক্ত জেলা ও দায়রা জজ), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়।
- ৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। যুগ্মসচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
- ৮। উপসচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৯। অফিস কপি।